# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**14 JULY 2026** **7:45—7:55 PM**

---

(১) আসাম সরকারের রাজ্যে ১৪ টি নতুন চক্র আধিকারিকের কার্যালয় স্থাপনের সিদ্ধান্ত/

(২) ছ'টি জনগোষ্ঠীর জনজাতিকরণের বিষয়টি পর্যবেক্ষণ করার জন্য গঠন করা মন্ত্রী পর্যায়ের কমিটি তার প্রতিবেদন দাখিল বলে মন্ত্রী ডাঃ রণোজ পেগুর প্রকাশ/

(৩) রাজ্যসরকারের কর্মচারীদের বর্ধিত মহার্ঘ ভাতা প্রদানের জন্য মাসে ৪৯ কোটি ৮২ লক্ষ টাকার প্রয়োজন হবে বলে অর্থমন্ত্রীর ঘোষণা/

এবং

(৪) গত ২৪ ঘন্টায় কাটিগড়া ও শিলচর থানা এলাকা থেকে ১৬ হাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত/হাইলাকান্দির বড়জুড়া এলাকা থেকে ৬০০ কার্টুন অবৈধ ঠান্ডা পানীয় উদ্ধার/ শ্রীভূমি থেকে ৮০ হাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত।

-----------------------------------------------------------------------------------

রাজ্যসরকার গণ প্রশাসন এবং জনসেবা প্রদান ব্যবস্থার উন্নয়নের জন্য ১৪ টি নতুন চক্র আধিকারীকের কার্যালয় স্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে ।কাছাড় জেলার বরখলা , ধলাই সহ মধ্য গুয়াহাটী , পাকাবেতবারী চেঙ্গা , সৃজনগ্রাম , বীরসিং জারুয়া , খোয়াং , জলেশ্বর ,নাওবৈচা , ডিগবয় , মাকুম , রঙাপারা এবং বিহালীতে এই নতুন রাজস্ব চক্র গঠন করা হবে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ বিধানসভায় একথা জানান ।মুখ্যমন্ত্রী বলেন যে বিধানসভার সঙ্গে রাজস্ব চক্রের সীমানা সংযুক্ত করা হবে । বর্তমানের চক্র আধিকারীকদের কাজের বোঝা লাঘব করা এবং অত্যাবশ্যকীয় রাজস্ব সেবা সমুহ জনসাধারণের কাছে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে

।তিনি বলেন যে প্রশাসনিক দক্ষতা এবং জনসাধারণের স্বার্থে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।

# বাইট সি এম #

ডঃ শর্মা বর্তমানের কোন রাজস্ব চক্র প্রত্যাহার করা হবে না বলে স্পষ্ট করে দিয়েছেন ।

---

এদিকে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা আজ বন বিভাগের প্রবীণ আধিকারীকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে রাজ্যের বনাঞ্চল সংরক্ষণ তথা সুরক্ষা অধিক শক্তিশালী করার উদ্দেশ্যে বিভিন্ন ব্যবস্থার পর্যালোচনা করেন ।এর পূর্বে ডঃ শর্মা মুখ্যমন্ত্রীর কার্যালয় থেকে সব জেলার আয়ুক্ত এবং চক্র আধিকারীকদের সঙ্গে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে এক বৈঠকে অধ্যক্ষতা করে রাজস্বচক্রের সীমানা পুনর নির্ধারণ সম্পর্কীত কাজকর্মের অগ্রগতি পর্যালোচনা করেন ।

---

ছ'টি জনগোষ্ঠীর জনজাতিকরণের বিষয়টি পর্যালোচনা করার জন্য গঠন করে দেওয়া মন্ত্রী পর্যায়ের কমিটি, তার প্রতিবেদন দাখিল করেছে বলে রাজ্যের সমতল উপজাতি পরিক্রমা বিভাগের মন্ত্রী ডাঃ রণোজ পেগু জানিয়েছেন । বিধানসভায় বিরোধী দলের নেতা ওয়াজেদ আলী চৌধুরীর উত্থাপন করা বিষয়টির উত্তর দিয়ে মন্ত্রী বলেন যে- নতুন করে প্রস্তাবিত উপত্যকা জনজাতি শাখার অধীনে সমতল উপজাতি, পার্বত্য উপজাতি এবং সংরক্ষণের বিষয় সম্পর্কে দেওয়া পরামর্শবলী সহ উপজাতি মর্যাদা প্রদান সম্পর্কিত মূল প্রস্তাব সমূহের কোনোধরণের পরিবর্তন করা হয়নি। শ্রী পেগু বলেন যে- প্রস্তাবগুলি রূপায়ণের পর মোরান ও মটক সংগঠনগুলি জাতি সংক্রান্ত বিজ্ঞানের সংশোধন চেয়ে দাবী উত্থাপন করে এবং সরকার আসাম জনজাতি এবং তপশিলি জাতি গবেষণা প্রতিষ্ঠানের তথ্য অনুসারে এই সংশোধনী মেনে নিয়েছে । ডাঃ পেগু বলেন যে- বিধানসভা নির্বাচনের জন্য এই সংশোধিত প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়নি । তিনি বলেন- মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা ইতিমধ্যে সংশোধনীসমূহে অনুমোদন জানিয়েছেন এবং যাবতীয় প্রক্রিয়ার শেষে সংশোধিত প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হবে । কেন্দ্রীয় জনজাতি পরিক্রমা মন্ত্রী জুয়েল ওরাং এই জনগোষ্ঠীগুলির দাবি প্রত্যাখ্যান করেননি ।

---

রাজ্যসরকারী কর্মচারীদের বর্ধিত মহার্ঘ ভাতা দিতে হলে মাসে আনুমানিক ৪৯ কোটি ৮২ লক্ষ টাকার প্রয়োজন হবে বলে রাজ্যের অর্থমন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া আজ বিধানসভায়

জানিয়েছেন । বিধায়ক জাকির হোসেইন শিকদারের এক প্রশ্নের উত্তরে তিনি বলেন যে- বর্ধিত হারের ৬০ শতাংশ মহার্ঘ ভাতা চলতি বর্ষের জুন মাসে বেতন, পেনশনের সঙ্গে জুলাই মাসে দেওয়া হয়েছে । রাজ্যের কর্মচারীদের জন্য বর্ধিত হারে ৬০ শতাংশ মহার্ঘ ভাতা ঘোষণা করা রাজ্যগুলির মধ্যে আসাম অন্যতম বলে তিনি জানান। এপর্যন্ত ৫৮ সতাংশ থেকে ৬০ শতাংশ মহার্ঘ ভাতা বৃদ্ধি করা হয়েছে বলে শ্রী বড়ুয়া জানিয়েছেন ।

উল্লেখ্য- আসাম বিধানসভার ষোড়শ অধিবেশনে আজ বিধায়ক অখিল গগৈ রাজ্য সরকারের কর্মচারীদের মহার্ঘ ভাতা এবং ও পি এস প্রকল্প নিয়ে প্রশ্ন উত্থাপন করেছিলেন । এর পরিপ্রেক্ষিতে অর্থমন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া শ্রী গগৈর পরিপূরক প্রশ্নের উত্তর দেন ।

---

কাছাড় পুলিশ গত ২৪ ঘন্টায় কাটিগড়া এবং শিলচর থানার অধীন দুটি পৃথক স্থানে অভিযান চালিয়ে মোট ১৬ হাজার সন্দেহযুক্ত ইয়াবা টেবলেট বাজেয়াপ্ত করেছে ।এই ঘটনায় তিনজন লোককে গ্রেপ্তার করা হয়েছে ।বাজেয়াপ্ত করা ইয়াবা টেবলেটের বাজার মূল্য ৪ কোটি টাকা হবে বলে অনুমান করা হচ্ছে । কাছাড়ের অতিরিক্ত পুলিশ সুপার রজত কুমার পাল এক সাংবাচদিক সম্মেলনে জানান যে কাটিগড়া থানার অধীন লাঠিমারা অঞ্চলে এন ডি পি এস আইনের অধীনে এক বিশেষ অভিযান চালিয়ে একজন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয় এবং তার কাছ থেকে ৬ হাজার ইয়াবা টেবলেট বাজেয়াপ্ত করা হয় । অন্যদিকে শিলচর কালীবারিচরের মালাকারপট্টি এলাকা থেকে পুলিশ দুজন সন্দেহভাজন ব্যক্তিকে গ্রেপ্তার করেছে । তাদের কাছ থেকে ১০ হাজার ইয়াবা টেবলেট বাজেয়াপ্ত করা হয়েছে ।উভয় ঘটনায় এন ডি পি এস আইনের অধীনে মামলা দায়ের করে তদন্ত অব্যাহত রাখা হয়েছে বলে অতিরিক্ত পুলিশ সুপার জানান ।

---

শ্রীভূমি জেলার রামকৃষ্ণ নগর থানার পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে আজ সকালে রামকৃষ্ণ নগরের চান্নিঘাট এলাকায় বিশেষ অভিযান চালিয়ে প্রায় ৮০ হাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে । পুলিশ জানিয়েছে বাজেয়াপ্ত করা ইয়াবা ট্যাবলেটের বাজার মূল্য প্রায় ৮ থেকে ১০ কোটী টাকা হবে । পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে তিন জন ব্যাক্তিকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

---

এদিকে হাইলাকান্দি ও কাছাড় পুলিশ যৌথ অভিযান চালিয়ে হাইলাকান্দি শহরতলির বড়জুড়া এলাকার একটি গুদাম থেকে আরও প্রায় ৬০০ কার্টন কোকা-কোলা ব্র্যান্ডের ঠান্ডা পানীয় উদ্ধার করেছে ।উল্লেখ্য গুয়াহাটী থেকে মণিপুরের ইম্ফালে পাঠানো প্রায়

১৫ লক্ষ ৪৭ হাজার টাকা মূল্যের কোকাকোলা ব্র্যান্ডের ঠান্ডা পানীয়ের একটি চালান কাছাড় জেলার লক্ষীপুর থানা এলাকায় রহস্যজনকভাবে নিখোঁজ হয়ে যায় । তদন্তে নেমে পুলিশ জানতে পারে যে চুরি হওয়া চালানের বড় অংশ হাইলাকান্দি জেলার বিভিন্ন গুদামে মজুত রাখা হয়েছে । সেই সূত্রে হাইলাকান্দি ও কাছাড় পুলিশ যৌথ অভিযান চালিয়ে গত শুক্রবার বোয়ালিপার ও পার্শ্ববর্তী এলাকার বিভিন্ন গুদামে অভিযান চালিয়ে প্রায় এক হাজার ১০০ কার্টন ঠান্ডা পানীয় উদ্ধার করেছিল ।এই ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে ইতিমধ্যে একজনকে গ্রেপ্তার করা হয়েছে তবে ট্রাক চালক সহ আর ও কয়েকজন অভিযুক্ত এখনো পলাতক বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে । তাদের বিরুদ্ধে তল্লাশি অভিযান অব্যাহত রয়েছে ।

---------------------------------------------------------------------------------

করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মাল্লাহ আজ হাইলাকান্দি শহরের শ্রীকিশান সারদা কলেজে অতিরিক্ত শ্রেনীকক্ষ নির্মানের ভিত্তি প্রস্তর স্থাপন করেন । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সাংসদ শ্রীমাল্লাহ বলেন শিক্ষার পরিকাঠামো উন্নয়নের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের জন্য আরো উন্নত শিক্ষার পরিবেশ গড়ে তোলাই সরকারের লক্ষ্য । অনুষ্ঠানে জেলা আয়ুক্ত জয় বিকাশ , কলেজ অধ্যক্ষ ডক্টর রতন কুমার সহ কলেজের শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে আজ কাশীপুরে ভারত মালা প্রকল্পের অধীনে প্রস্তাবিত সড়ক নির্মানের জন্য অধিগ্রহন করা জমিতে গড়ে উঠা অবৈধ নির্মান ভেঙ্গে ফেলা হয়েছে । অভিযানে ২০টি-র অধিক বুল ডোজার দিয়ে প্রায় শতাধিক অবৈধ দোকান,বাসগৃহ , নার্সারী ভেঙ্গে ফেলা হয়েছে । উল্লেখ্য গত ৫ই জুন আরকাটিপুর অঞ্চলে এধরনের উচ্ছেদ অভিযান চালানো হয়েছিল ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা কেন্দ্রের বিদ্যালয়গুলিতে আজ থেকে সঙ্গীত ,নৃত্য , অংকন , যোগা ইত্যাদি নিয়ে গ্রীষ্মকালীন কর্মশালা শুরু হয়েছে । চলবে আগামী ৩১শে জুলাই পর্যন্ত । শ্রীভূমির জেলা আয়ুক্ত জানিয়েছেন যে রাজ্যের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের নির্দেশে বিভিন্ন স্বেচ্ছাসেবী ও সাংস্কৃতিক সংগঠন এবং ক্লাবের পরিচালনায় গ্রীষ্মকালীন কর্মশালা অনুষ্টিত হচ্ছে । উইংস ফর ইয়ুথ স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে উত্তর করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের বিদ্যালয়গুলির বঙ্গভবনে আগামীকাল থেকে আগামী ২৯শে জুলাই পর্য্যন্ত নৃত্য , কারুশিল্প ও যোগার উপর কর্মশালা অনুষ্ঠিত হবে । পাশাপাশি বেবিল্যান্ড ইংলিশ হাইস্কুলে ১৭ থেকে ৩১শে জুলাই পর্য্যন্ত সপ্তসুর

সামাজিক ও সাংস্কৃতিক সংস্থার পরিচালনায় নৃত্য , নাটক , লোকনৃত্য , যোগা ও সঙ্গীতের উপর কর্মশালা অনুষ্টিত হবে । এদিকে দক্ষিন করিমগঞ্জ বিধানসভায় নিলামবাজারের সরস্বতী বিদ্যানিকেতনে আজ থেকে আগামী ২৮শে জুলাই পর্য্যন্ত পরাণ দ্যা ব্যালেটশপ সোসাইটির পরিচালনায় নাটকের কর্মশালা চলছে । পাশাপাশি নিলামবাজারের এস ভি বিদ্যানিকেতনে আগামী ১৬ থেকে ৩০শে জুলাই পর্য্যন্ত শিব-দূর্গা ক্লাবের পরিচালনায় সঙ্গীত ও অংকন কর্মশালা অনুষ্ঠিত হবে । এদিকে পাথারকান্দি ও রামকৃষ্ণনগর বিধানসভা কেন্দ্রেও অনুরূপ কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে।

------------------------------------------------------------------------------------------

ফিফা বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতার প্রথম সেমিফাইনালে আজ ফ্রান্স , স্পেনের বিরুদ্ধে অবতীর্ণ হবে । ভারতীয় সময় অনুযায়ি আজ রাত সাড়ে ১২ টায় খেলা আরম্ভ হবে ।দ্বিতীয় সেমিফাইনালে আগামীকাল একই সময়ে আর্জেন্টিনা , ইংলেন্ডের মুখোমুখি হবে ।

------------------------------------------------------------------------------------------